দৈনিক
ইত্তেফাক

তারিখ : 23 SEP 2016
পৃষ্ঠা : ৩ কলাম : ১

# নটর ডেম কলেজে ৭ম ন্যাশনাল ন্যাচারাল ফেস্টিভ্যাল শুরু

আজ থেকে দুইদিনব্যাপী Notre Dame Nature Stutz Club-এর ৭ম ন্যাশনাল ন্যাচার ফেস্টিভ্যাল শুরু হচ্ছে। সকাল ১০টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন ভূমিমন্ত্রী শামসুর রহমান শরিফ। ফেস্টিভ্যালে ঢাকা ও ঢাকার বাইরের ৭০-এর বেশি শিক্ষা প্রতিষ্ঠানের ৭০০ শিক্ষার্থী ৯টি ইভেন্টে সর্বমোট ২১টি ক্যাটাগরিতে অংশগ্রহণ করবে। শিক্ষার্থীদের পরিদর্শনের জন্য উন্মুক্ত থাকবে দুপুর ২টা থেকে বিকাল ৪টা পর্যন্ত। এ সময়ে শিক্ষার্থীদের নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের পরিচয়পত্র সঙ্গে আনতে হবে। অংশগ্রহণকারীদের অবশ্যই প্রবেশপত্র এবং কলেজ পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।

আগামী ২৪ সেপ্টেম্বর সকাল ১০টায় বিজ্ঞান ও পরিবেশ বিষয়ক সেমিনার এবং দুপুর ২-৩০ মিনিটে সমাপ্তি অনুষ্ঠান ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হবে। এই ফেস্টিভ্যালে মিডিয়া পার্টনার দৈনিক ইত্তেফাক।